

দৈনিক

টেলিগ্রাম

THE DAILY TELEGRAM

সোমবার

১৬ জানুয়ারি ২০১৭

০৩ বাঘ ১৪২৩

১৭ রবিঃ সানি ১৪৩৮



মানিকগঞ্জের সাটুরিয়ায় শীতাতদের মাঝে বাফলার উদ্যোগে কম্বল বিতরণ

নিজস্ব প্রতিবেদক
মানিকগঞ্জের সাটুরিয়ায় দুই শীতাতদের মাঝে কম্বল বিতরণ করেছে বাংলাদেশ ইউনিটি ফেডারেশন অফ লার এঞ্জেলস ক্যালিফোর্নিয়া। ইউএসএ (বাকলা)। সম্প্রতি সাটুরিয়া উপজেলার নওগাঁও গ্রামে বান

বাড়ীতে এই কম্বল বিতরণ করেন জমির উদ্দিন খান ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা আমেরিকা প্রবাসী বিজ্ঞানী প্রফেসর ড. মাহবুব খান। এসময় সংগঠনের চেয়ারম্যান আবুল বাশার খান, প্রফেসর ড. মাহবুব খানের সহধর্মিণী স্ত্রী সিনা খান,

নিউইয়র্কের গাইনী বিশেষজ্ঞ ডা. মাহুদী খান, বারিষ্টার জামাল খান, বিশিষ্ট ক্যান্সার বিশেষজ্ঞ ডা. মনিকা খান প্রমুখ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বাংলাদেশ ইউনিটি ফেডারেশন অফ লার এঞ্জেলস ক্যালিফোর্নিয়া ইউএসএ (বাকলা) এর অর্থায়নে

৫শতাধিক অসহায় শীতাত মানুষের মাঝে কম্বল বিতরণ করা হয়। কম্বল বিতরণ অনুষ্ঠানেটিথ সার্বিক ব্যবস্থাপনা ও সহযোগিতায় ছিলেন জমির উদ্দিন খান ফাউন্ডেশন। এছাড়াও মেধাবী শিক্ষার্থীদের মাঝে বৃত্তি প্রদান, বিনামূল্যে ঔষধসহ স্বাস্থ্য সেবা প্রদান ও বিনামূল্যে চকু চ্যাম্প এবং ৫০জন গরীব মেধাবী শিক্ষার্থীদের মাঝে বৃত্তি প্রদান করেছে জমির উদ্দিন খান ফাউন্ডেশন।